



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১৪/ঢাকা/দঃ/ ২৬৫

তারিখ : ০৬.০২.২০২১

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ খোরশেদ আলম-কে খোরপোষ ভাতা প্রদানেপ্রসঙ্গে।

সূত্র : (১) রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায়।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৯/২০১৭ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৩১.০০৭.১৫.৬৯৪।

(৩) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ খোরশেদ আলম-এর ১১/০৬/২০১৮ তারিখের আবেদন।

(৪) বোর্ডের ১৪/০৬/২০১৮ তারিখের ৯৬১৪ নং পত্র।

(৫) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ খোরশেদ আলম-এর ২১/০৫/২০১৯ তারিখের আবেদন।

(৬) শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/১০/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৪৪.০০৫.১৭.১৭১।

(৭) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ খোরশেদ আলম-এর ০১/০৭/২০২০ তারিখের আবেদন।

(৮) বোর্ডের ২৯/১০/২০১৯ তারিখের ১৬৬৫ নং পত্র।

(৯) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৮৪০৮/২০২০ এর ১৪/১২/২০২০ তারিখের আদেশ।

(১০) শিক্ষা মন্ত্রণালয়ের ০৭/০১/২০২১ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে,

১। বিদ্যালয়ে প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ খোরশেদ আলম-কে খোরপোষ ভাতা প্রদানের বিষয়ে সূত্রোক্ত ৪ এবং ৮ নং ক্রমিক পত্র দেয়া হয়েছে। বোর্ডের উক্ত আদেশ এবং মামলার রায় মোতাবেক তাঁকে খোরপোষ ভাতা প্রদান করা হয়নি- যা বোর্ডের আদেশ-নির্দেশ পালন না করার শামীল। সর্বশেষ মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৮৪০৮/২০২০ এর আদেশ অনুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ খোরশেদ আলম-কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ ব্যর্থ হয়েছে মর্মে রায়ের আদেশেও উল্লেখ আছে। উক্ত রিট মামলা নিষ্পত্তিকল্পে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ খোরশেদ আলমকে জরুরী ভিত্তিতে তাহার প্রাপ্য খোরপোষ ভাতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ইতিপূর্বে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বোর্ড কর্তৃক বিভিন্ন দফায় তাগিদ পত্র প্রদান করা হলেও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি কর্তৃক এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ফলে উক্ত বিষয়টি ১৫ (পনের) দিবসের মধ্যে নিষ্পত্তি করে বোর্ড কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় বোর্ড কর্তৃপক্ষ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি

আদর্শ উচ্চ বিদ্যালয়

মিরপুর, কাফরুল, ঢাকা।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

মেমো নং- ২৬৫৫

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ : ০৬.০২.২০২১

১। জেলা প্রশাসক, ঢাকা।

২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

৩। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), আদর্শ উচ্চ বিদ্যালয়।

৪। মোঃ খোরশেদ আলম, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), আদর্শ উচ্চ বিদ্যালয়।

৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।